

সরবরাহকারীর আচরণবিধি

হুগো বস মানবাধিকারকে সম্মান করতে এবং পরিবেশ রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। হুগো বস সরবরাহকারীর আচরণবিধি হুগো বস সরবরাহকারীদের সহযোগিতা এবং বিশেষ করে তাদের কর্মীদের, অর্থাৎ আপনার, প্রতি আচরণ নিয়ন্ত্রণ করে। নিচে আপনি আপনার অধিকার এবং স্বাধীনতাসমূহের একটি সংক্ষিপ্ত বিবরণ পাবেন যা আপনার নিয়োগকর্তাকে অবশ্যই আপনার জন্য প্রতিশ্রুতি দিতে হবে। সরবরাহকারীর আচরণবিধিতে আপনার সম্পূর্ণরূপে প্রবেশাধিকার রয়েছে, এছাড়াও আপনার নিয়োগকর্তা এখানে উল্লেখিত বিষয়গুলি সম্পর্কে আপনাকে প্রশিক্ষণ দিতে হবে। আপনার যদি কোন অভিযোগ, অনিশ্চয়তা বা প্রশ্ন থাকে, তবে আপনি যেকোন সময় সরাসরি হুগো বসের সাথে যোগাযোগ করতে পারেন। আমরা আপনাকে সাহায্য করতে পেরে খুশি হব!

মানবিক কাজের শর্তাবলী

একজন কর্মী হিসাবে, কর্মক্ষেত্রে আপনার সম্মানজনক আচরণ পাবার অধিকার রয়েছে। আপনার মর্যাদা, গোপনীয়তা এবং ব্যক্তিত্ব অবশ্যই লঙ্ঘিত হওয়া উচিত নয়।

শিশুশ্রমে নিষেধাজ্ঞা

কোনো শিশুকে চাকরি দেয়া অনুমোদিত নয়! একজন কর্মী হিসাবে, আপনাকে কমপক্ষে ১৫ বছর বয়সী হতে হবে এবং বাধ্যতামূলক শিক্ষা শেষ করতে হবে।

বলপূর্বক শ্রমে নিষেধাজ্ঞা

একজন কর্মী হিসাবে, আপনি এখানে স্বাধীনভাবে কাজ বেছে নিয়েছেন এবং আপনাকে কোন নিয়োগ ফি দিতে হয়নি। কেউ আপনার ইচ্ছার বিরুদ্ধে এখানে বা অন্য কোথাও কাজ করতে বাধ্য করতে পারে না। আপনি যেকোন সময় চাকরি থেকে পদত্যাগ করতে পারেন। আপনার সনাক্তকরণ নথিগুলি আপনার দখলে রয়েছে।

সমিতির স্বাধীনতা ও সমষ্টিগত দরকষাকষি

একজন কর্মী হিসাবে, আপনি কর্মী সংগঠনগুলিতে যোগদান করতে পারেন এবং আইনে অনুমোদিত হলে, কর্মীদের জন্য সংগঠন প্রতিষ্ঠা করতে পারেন। আপনার কাজের শর্তাবলী, বিশেষ করে মজুরি নিয়ে আলোচনা করার অধিকার রয়েছে এবং এটি করার জন্য কেউ আপনাকে শাস্তি দিতে পারে না।

সম্মান ও মর্যাদা

একজন কর্মী হিসাবে, আপনার বয়স, লিঙ্গ, গায়ের রঙ, অভিমুখীতা, বুদ্ধি বা শারীরিক প্রতিবন্ধিতা, উৎপত্তি, জাতীয়তা, জাতি বা জাতিসত্তা, সামাজিক গোষ্ঠী, ধর্ম বা বিশ্ব দৃষ্টিভঙ্গি, রাজনৈতিক মতামত, ইউনিয়নের সদস্যপদ বা অন্যান্য ব্যক্তিগত বৈশিষ্ট্য নির্বিশেষে আপনার ন্যায্য ও সমান আচরণ পাবার অধিকার রয়েছে। যৌন হয়রানি, স্পর্শ করা বা আপনাকে নির্যাতন করার অধিকার কারও নেই। মৌখিক বা মানসিক নির্যাতনের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য।

কাজের সময়

একটি সাধারণ কাজের সপ্তাহে, আপনার ৪৮ ঘন্টার বেশি কাজ করা উচিত নয়। আপনি যদি ওভারটাইম কাজ করেন তবে সপ্তাহে ৬০ ঘন্টার বেশি নয়। আপনাকে অবশ্যই ওভারটাইম করতে স্বেচ্ছাসম্মত হতে হবে এবং এর জন্য পাওনা পাবেন। আপনার সপ্তাহে কমপক্ষে একদিন ছুটি পাওয়ার অধিকার আছে।

বেতন ও মজুরি

আপনাকে একটি নিয়মিত কাজের সপ্তাহে কমপক্ষে আইনগত ন্যূনতম মজুরি অবশ্যই প্রদান করতে হবে। এছাড়াও, অন্যান্য সকল বিশেষ সুবিধার আইনগত চাহিদা যেমন অসুস্থতার জন্য মজুরি বা পিতা-মাতা সংক্রান্ত ভাতা পাবার অধিকার আছে।

স্বাস্থ্য ও নিরাপত্তা

আপনার নিয়োগকর্তা গ্যারান্টি দিতে দায়বদ্ধ যে আপনার কর্মক্ষেত্রে নিরাপদ এবং আপনার স্বাস্থ্যকে বিপন্ন করে না, যেমন দুর্বল আলো বা শব্দ। টয়লেট অবশ্যই পরিষ্কার এবং পুরুষ ও মহিলাদের জন্য আলাদা আলাদা হতে হবে। আপনি যেকোন সময় রেস্টরুম ব্যবহার করতে পারেন; আপনার নিয়োগকর্তা এটি নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করতে পারবেন না। আপনার কাজের প্রয়োজনমত সুরক্ষামূলক সরঞ্জাম পাবার অধিকার রয়েছে।

ব্যবসায়িক নৈতিকতা

হুগো বস প্রত্যাশা করে যে সকল সরবরাহকারী জাতীয় আইন এবং আন্তর্জাতিকভাবে প্রযোজ্য মানদণ্ডসমূহ মেনে চলবেন। প্রতারণা, দুর্নীতি, এবং যেকোন ধরণের অনুচিত সুবিধা প্রদান নিষিদ্ধ।

পরিবেশ সুরক্ষা

আপনার নিয়োগকর্তাকে ব্যবসায়িক ক্রিয়াকলাপের ফলে পরিবেশগত প্রভাবসমূহ হ্রাস করতে হবে। কমপক্ষে, পরিবেশ সংরক্ষণ আইন এবং নিয়মকানুনসমূহ অবশ্যই প্রতিপালন করতে হবে। প্রাকৃতিক সম্পদকে টেকসই ও দক্ষতার সাথে ব্যবহার করতে হবে। মানুষ, প্রাণী এবং পরিবেশের সুরক্ষা একটি অগ্রাধিকার।

অভিযোগ প্রক্রিয়া

আপনার অধিকার, কাজের পরিবেশ বা মানবাধিকার সম্পর্কে আপনার কি কোন অভিযোগ বা প্রশ্ন আছে? হুগো বসের স্বাধীন এবং বিনামূল্যে হুইসেলব্লোয়ার সিস্টেমের সাথে যোগাযোগ করুন। হুইসেলব্লোয়ার সিস্টেম সবার জন্য উন্মুক্ত! আপনার বিষয়গুলি গোপনীয়ভাবে ব্যবস্থা গ্রহণ করা হবে।

যোগাযোগের বিস্তারিত (বিভিন্ন ভাষা) পেতে QR কোডটি স্ক্যান করুন:



অথবা নিম্নলিখিত লিঙ্কের মাধ্যমে:
[Speak Up Channel \(convercent.com\)](https://www.convercent.com)

জরুরী যোগাযোগের জন্য:

(+৮৮০)-০-৯৬১০-৯৯৮৪০০